আলমডাঙ্গায় ট্রাকের ধাক্কা, প্রাণ গেলো ট্রাক্টর চালকের

আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গায় গাড়ি ওয়ারটেক করার সময় চলন্ত ট্রাক্টরের পিছনে ট্রাকের ধাক্কা দেয়ার ঘটনা ঘটেছে।

এতে ট্রাক্টর চালক মনিরুল ইসলাম (২২) নিহত হয়েছেন। এসময় আহত হন সাদিক নামে এক ব্যক্তি। গতকাল রোববার (৩০ অক্টোবর) বিকেল ৩ টার দিকে জেলার আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গা গ্রামের ঈদ্গাহের নিকট এদূর্ঘটনা ঘটে।

প্রথমে স্থানীয়রা আহত অবস্থায় দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। মনিরুলের শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক রাজশাহী রেফার্ড করেন। রাতে রাজশাহী যাওয়ার পথে রাত ৯ টার দিকে তার মৃত্যু হয়।

নিহত মনিরুল ইসলাম আলমডাঙ্গা উপজেলার চিৎলা গ্রামের মাঝেরপাড়ার এনামুল হকের ছেলে। আহত সাদিকের পরিচয় তাৎক্ষনিক পাওয়া যায়নি।

এদিকে, ঘটনার পর স্থানীয়রা ট্রাকসহ চালককে আটক করে গাংনী বাজার পুলিশ তদন্ত কেন্দ্রে হস্তান্তর করে।

স্থানীয় ইউপি সদস্য মো. আনোয়ার হোসেন বলেন, রোববার বিকেলে ট্রাক্টর চালিয়ে বাড়ি আসছিল মনিরুল ইসলাম। কয়রাডাঙ্গা গ্রামের ঈদগাহের নিকট পৌছালে পিছন থেকে একটি ট্রাক ওভারটেক করতে যায়। এসময় ট্রাকের ধাক্কায় ট্রাক্টরটি পাশের একটি গাছে ধাক্কা লেগে দুমড়ে মুচড়ে যায়।

এতে গুরুতর আহত হয় মনিরুল ইসলামসহ আরও একজন ব্যক্তি। পরে স্থানীয়রা দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেস। মনিরুলের শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী রেফার্ড করেন চিকিৎসক। রাজশাহী যাওয়ার পথে রাত ৯ টার দিকে তার মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সাদিয়া মা আরিজ বলেন, মনিরুলের মাথাসহ শরীরের বিভিন্নস্থানে গুরুতর জখম হয়েছে। প্রাথমিক চিকিৎসা শেষে রাজশাহী মেডিকেল কলেজ

হাসপাতালে নেয়ার পরামর্শ দেয়া হয়েছে। সাদিকের শরীরে জখম হলেও তিনি শঙ্কামুক্ত। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তির পরামর্শ দেয়া হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, ট্রাকের ধাক্কায় ট্রাক্টর চালকের মৃত্যু হয়েছে। ঘটনার পর ট্রাকসহ চালককে আটক করেছে পুলিশ। অভিযোগ না থাকায় আবেদনের পেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্ত ছাড়ায় নিহতের মরদেহ পরিবারের নিকট হস্তান্ত করা হয়েছে। আটক ট্রাক চালককে পরিবারের জিম্মায় দেয়া হবে।